

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৩১, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ১৭ পৌষ ১৪১৫ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

নং ৭১(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৭ পৌষ, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৮ সনের ৭১ নং অধ্যাদেশ

Supreme Court Judges (Remuneration and Privileges)

Ordinance, 1978 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (Ordinance No. XI of 1978) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Supreme Court Judges (Remuneration and Privileges) (Amendment) Ordinance, 2008 নামে অভিহিত হইবে।

(২) ধারা ২ এর বিধান ০১ জুলাই ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ধারা ৩ এর বিধান অবিলম্বে কার্যকর হইবে।

২। Ordinance No. XI of 1978 এর section 3D এর সংশোধন।—Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (XI of 1978), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত এর section 3D এর পরিবর্তে নিম্নরূপ section 3D প্রতিস্থাপিত হইবে, যথা :—

“3D. Dearness allowance.—There shall be paid to a judge, a dearness allowance at the rate of 20% of his salary *per mensem*.”।

৩। Ordinance No. XI of 1978 এর section 3D এর পর নূতন section 3E এর সন্নিবেশ।—উক্ত Ordinance এর section 3D এর পর নিম্নরূপ নূতন section 3E সন্নিবেশিত হইবে, যথা :—

“3E. Recreation allowance.—(1) There shall be paid to a judge, a recreation allowance equal to one month's pay of his salary once in every three years for the purpose of taking leave for rest and recreation.

(2) The recreation allowance shall be paid in addition to the leave salary as mentioned in the section 7 of the Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 (Ordinance No. XX of 1982).”।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ৩১-১২-২০০৮ খ্রিস্টাব্দ
১৭-৯-১৪১৫ বঙ্গাব্দ।

কাজী হাবিবুল আউয়াল
সচিব।